AKASHVANI KOLKATA

RNU: KOLKATA
Bengali Text Bulletin

Date 12-11-2026 **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর -

১) ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত আইনী জটিলতা, পয়লা ডিসেম্বরের মধ্যে না কাটলে সংশ্লিষ্ট পুরসভাগুলিতে কো-অর্ডিনেটার নিয়োগ করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২) জঙ্গলমহলের সার্বিক উন্নয়ন ও সম্প্রীতির লক্ষে তার সরকার কাজ করে যাবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। হলুদ কানালি হাসপাতালে শয্যা সংখ্যা বাড়িয়ে ১-শো করা হচ্ছে।

৩) তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর জেড প্লাস ক্যাটাগরির নিরাপত্তা প্রত্যাহার সংক্রান্ত মামলার রায়দান স্থগিত রেখেছে কলকাতা হাইকোর্ট।

৪) হৈমন্তিকা জগদ্ধাত্রীর আরাধনায় সেজে উঠেছে হুগলীর চন্দননগর।
আগামীকাল সেখানে পুজোর উদ্বোধনে যাচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

৫) উত্তর কলকাতায় টালা রেল ব্রিজের নীচে ভূগর্ভস্থ ৭২ ইঞ্চি জলের পাইপ লাইনে ফাটল মেরামতির কাজ চলেছে যুদ্ধকালীন তৎপরতায় ।

oooooooooooooooooooo

ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত মামলায় আইনি জটিলতার কারণে রাজ্যের পুরসভা নির্বাচন অনিশ্চয়তার মুখে। এই পরিস্থিতিতে পয়লা ডিসেম্বরের মধ্যে জট না কাটলে সংশ্লিষ্ট পুরসভাগুলিতে কো-অর্ডিনেটর নিয়োগ করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। পাশাপাশি সরকারের উন্নয়নমূলক কাজে সহযোগিতা করবেন, এমন ব্যক্তিদেরই ওই দায়িত্ব দেওয়া হবে তিনি স্পষ্ট করে দিয়েছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

হাওড়ায় ছটপুজো উপলক্ষে এক অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, যাঁরা নির্বাচনে পরাজয়ের আশঙ্কা করছেন, তাঁরাই আদালতে গিয়ে ভোট প্রক্রিয়া আটকে দিচ্ছেন। তাঁর দাবি, দীর্ঘদিন ধরে নির্বাচিত বোর্ড না থাকায় সাধারণ মানুষ প্রয়োজনীয় পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন এবং শুধুমাত্র প্রশাসনিক আধিকারিকদেরএ পক্ষে সমস্ত দায়িত্ব সামলানো সম্ভব হচ্ছে না।

মুখ্যমন্ত্রী আরও জানান, হাইকোর্টের স্থগিতাদেশের বিরুদ্ধে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে আবেদন করবে। সেখানে স্বস্তি না মিললে ১ ডিসেম্বর থেকে সংশ্লিষ্ট পুরসভাগুলিতে কো-অর্ডিনেটর নিয়োগের প্রক্রিয়া শুরু হবে।

oooooooooooooooooooo

রাজ্য সরকার, প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ প্রকল্পে যোগ্য উপভোক্তাদের আরও এক কিস্তি সহায়তা দিতে চলেছে। নবান্ন সংলগ্ন সভাঘরে আগামীকাল পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের উদ্যোগে এক অনুষ্ঠানে রাজ্যের প্রায় ৭ লক্ষ উপভোক্তাকে এই প্রকল্পে পাকা বাড়ি তৈরির জন্য দ্বিতীয় কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়া হবে । প্রশাসনিক সূত্রে জানা গেছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ এবং দফতরের অন্য আধিকারিকরা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জঙ্গলমহলে কোন সম্প্রদায়ের মধ্যে বিভেদ নয়, বরং প্রতিটি মানুষ ও সম্প্রদায়ের পাশে থেকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে চলার আহ্বান জানিয়েছেন। তিনি আজ বাঁকুড়ার হলুদ কানালিতে বাঁদনা পরব উৎসবে যোগ দেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

তাঁর সরকার জঙ্গলমহলের সার্বিক উন্নয়ন ও সম্প্রীতির পক্ষে বলেও স্পষ্ট জানান মুখ্যমন্ত্রী। জঙ্গলমহলের উন্নয়নে বেশকিছু প্রকল্পের কথা ঘোষণা করেন তিনি। এর মধ্যে আছে হলুদ কানালি হাসপাতালকে ১০০ শয্যায় সম্প্রসারণ।

তার অভিযোগ পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার জঙ্গলমহলের উন্নয়ন নিয়ে উদাসীন ছিল। কিন্তু ক্ষমতায় আসার পর নতুন সরকার আদিবাসী কল্যাণ ও অঞ্চলের উন্নয়নের জন্য বাজেট বরাদ্দ বাড়িয়েছে। বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প রূপায়নের পশাপাশি আদিবাসী সমাজের উন্নয়নেও গঠন করেছে বোর্ড।

অনুষ্ঠান মঞ্চ থেকেই নিজেদের দীর্ঘদিনের আদিবাসী স্বীকৃতির দাবিতে সরব হন কুর্মি নেতারা। তাদের বক্তব্য, আদিবাসী তালিকাভুক্তির দাবিতে দীর্ঘদিন তারা আন্দোলন চালিয়ে আসছেন। কিন্তু এবিষয়ে কেন্দ্রের তরফে পূর্বতন রাজ্য সরকারের কাছে মতামত ও যৌক্তিকতা সংক্রান্ত রিপোর্ট চাওয়া হলেও তা এখনও পাঠানো হয়নি। রাজ্যে নতুন সরকার গঠনের পর তাদের দাবি পুরণ না হওয়ায় নিজেদের সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরার পাশাপাশি দীর্ঘদিনের ওই দাবি সম্পর্কে মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দেন কুর্মি নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে শেষে কুর্মি নেতা অজিত প্রসাদ মাহাতো অবশ্য জানিয়েছেন, মুখ্যমন্ত্রী তাদের দাবি বিবেচনা করবেন বলে তারা আশাবাদী। মুখ্যমন্ত্রী পরে বাঁকুড়া শহরে পাঠক পাড়ার মাঠে খাদ্য মেলার অনুষ্ঠানেও যোগ দেন।

বাঁকুড়া থেকে মুখ্যমন্ত্রী মধ্যপ্রদেশের ভোপালে যাচ্ছেন। সেখানে কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহানের প্রয়াত মায়ের প্রতি শ্রদ্ধা নিবেদন করে আজই তাঁর কলকাতায় ফেরার কথা।

oooooooooooooooooooo

উত্তরাখন্ডের কেদারতালে ট্রেকিং-এ গিয়ে তুষার ধ্বসে মৃত বাঁকুড়ার পাঁচ যুবকের পরিবারকে আজ মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ১০ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয়।

মুখ্যমন্ত্রীর তরফে ওই পরিবারের হাতে চেক তুলে দেন বাঁকুড়ার ক্যাবিনেট মন্ত্রী ক্ষুদিরাম টুডু ও জেলাশাসক অনিশ দাশগুপ্ত।

উল্লেখ্য মুখ্যমন্ত্রীর আজ বাঁকুড়া সার্কিট হাউসে ওই পাঁচজনের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করার কথা ছিল। কিন্তু সময় অভাবে তিনি সার্কিট হাউসে যেতে পারেননি। পরে বাঁকুড়ার হেলিপ্যাডে অল্প সময়ের জন্য ওই পাঁচজনের পরিবারের সঙ্গে তিনি কথা বলেন। আগামী ২১-শে নভেম্বর পুরুলিয়া সফরে তিনি বিস্তারিতভাবে তাদের সঙ্গে কথা বলবেন বলেও শোকাহত পরিবারগুলিকে আশ্বাস দেন মুখ্যমন্ত্রী।

বাঁকুড়া থেকে মুখ্যমন্ত্রী মধ্যপ্রদেশের ভোপালে গেছেন। সেখানে কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহানের মায়ের প্রতি শ্রদ্ধা নিবেদনের পর আজই তাঁর কলকাতায় ফেরার কথা।

oooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জির জেড প্লাস ক্যাটাগরির নিরাপত্তা প্রত্যাহার সংক্রান্ত মামলায় শুনানি শেষ করে রায়দান স্থগিত রেখেছে, কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণা রাও-এর এজলাসে, এই মামলার শুনানি চলে। তৃণমূল সাংসদের নিরাপত্তা জনিত কোনো আশঙ্কা না থাকায়, তাঁর নিরাপত্তা কমিয়ে এক্স ক্যাটাগরি করা হয়েছে বলে রাজ্য সরকার আদালতে জানিয়েছে। নভেম্বর মাসের শেষে এই সংক্রান্ত কমিটি ফের পর্যালোচনা করবে বলেও জানানো হয়েছে।

এদিকে, অভিষেক ব্যানার্জির বিরুদ্ধে আদালত অবমাননার মামলা হওয়া উচিত বলে, রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে। তাঁর ফেসবুক লাইভের একটি ভিডিও আদালতের সামনে তুলে ধরা হয়।

oooooooooooooooooooo

ডায়মন্ড হারবারের তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর কালীঘাটের বাড়ির সামনের ফুটপাথে, বেশ কয়েকটি অবৈধ নির্মাণ ভেঙে দিয়েছে কলকাতা পুরসভা। ফুটপাথের ওপর বাঁশ দিয়ে তৈরী অস্থায়ী কাঠামোটিও, সরিয়ে দেয় পুলিশ। অভিষেকের বাড়ির সামনের মূল দরজার বাইরে বসানো লোহার গেটটিও সরিয়ে দিয়েছে পুরসভা। অভিযোগ, ফুটপাথ দখল করে সেটি বসানো হয়েছিল। সাংসদের বাড়ির সামনে থাকা একটি শহীদ বেদীও ভেঙে ফেলা হয়েছে। দীর্ঘদিন ধরেই তাঁর বাড়ির সামনে দিয়ে পথচারীরা ফুটপাথ দিয়ে যাতায়েত করতে পারতেন না বলে অভিযোগ।

পুরসভার এই পদক্ষেপের সমালোচনা করে সামাজিক মাধ্যমে পোস্ট করেছেন, ডায়মন্ড হারবারের সাংসদ। অভিষেক বলেন, বুলডোজার নামিয়েও তাঁর কন্ঠস্বর রোধ করা যাবেনা।

oooooooooooooooooo

সুপ্রিমকোর্ট কারা আসল তৃণমূল তা প্রমান করতে তৃণমূল কংগ্রেসের দুটি পক্ষকেই আদালতে যে হলফনামা জমা দিতে বলেছে। সম্প্রতি নির্বাচন কমিশনে হলফনামা জমা দেওয়ার জন্য দুপক্ষই অতিরিক্ত ১০ দিন করে সময় পায়। এই পরিস্থিতিতে মমতা পন্থী তৃণমূল সাংসদ অভিষেক মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে এক চিঠিতে অভিযোগ করেছেন তাদের হলফনামা সংক্রান্ত নথি লুঠ করা হতে পারে।

অন্য দুই নির্বাচন কমিশনার সুখ বীর সিং সাঁধু ও বিবেক জোশীকে চিঠির কপি দেওয়া হয়েছে। চিঠিতে অভিষেক দাবী গত ৬-ই এবং ৭-ই নভেম্বরের রাতে তার বাড়ির সামনে তার ওপর হামলা চালানো হয়। আজ সাকালে বাড়ির সামনে পুলিশের নিরাপত্তার গেট বুলডোজার দিয়ে ভেঙে দেওয়া হয়েছে। সেকারণেই তাঁর এই আশঙ্কা।

oooooooooooooooooo

হৈমন্তীকা জগদ্ধাত্রীর আরাধনায় সেজে উঠেছে হুগলীর চন্দননগর । আগামীকাল সেখানে পূজার উদ্বোধনে যাচ্ছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। চন্দননগররের প্রথম বারোয়ারি জগদ্ধাত্রী পূজা চাউলপট্টির আদি মা র কাছে মুখ্যমন্ত্রী পুজো দেবেন বলে জানিয়েছেন চন্দননগরের বিধায়ক দীপাঞ্জন গুহ । তারপর সার্কাসমাঠে অনুষ্ঠান রয়েছে তাঁর ।

সেখান থেকে মেরির মাঠে আলো ও লেজার আতশবাজি দিয়ে চন্দননগর জগদ্ধাত্রী উৎসবের শুভ সূচনা করবেন মুখ্যমন্ত্রী। এই উপলক্ষে সেজে উঠেছে চন্দননগর মেরির মাঠ। মাঠের এক প্রান্তে দুটি মঞ্চে দুটি জায়ান্ট স্ক্রিন বসেছে।

এদিকে, চন্দননগর কেন্দ্রীয় জগদ্ধাত্রী পূজা কমিটি আজ এক সাংবাদিক বৈঠক করে । উপস্থিত ছিলেন চন্দননগরের বিধায়ক দীপাঞ্জন গুহ, সাধারণ সম্পাদক শুভজিৎ সাউ, সংগঠনের চেয়ারম্যান নিমাইচন্দ্র দাস প্রমুখ।

জগদ্ধাত্রী পুজোর দর্শণার্থীদের জন্য আজ ম্যাপ প্রকাশ করা হয়।

উল্লেখ্য, আগামী রবিবার ষষ্ঠীতে দেবীর পাঁচদিনের পূজার বোধন।

oooooooooooooooooo

রাজ্যে এবছর আগের থেকে বেশী দুর্গা ও কালী পুজো হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। তিনি আজ হাওড়ার কাজী পাড়ায়, ছট পুজো উপলক্ষে এক অনুষ্ঠানে বলেন, দুর্গা, কালী, গণেশ বা জগদ্ধাত্রী পুজোর মতোই রামনবমী এবং ছট উৎসব সমান উৎসাহে পালিত হবে। ধর্মীয় উৎসবকে কোন নির্দিষ্ট রাজ্য বা সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ রাখার বিরোধিতা করে তিনি বলেন, সব পরম্পরা ও সংস্কৃতিকেই সম্মান জানানো উচিত।

(বাইট – মুখ্যমন্ত্রী)

ছট পুজোর আগে মুখ্যমন্ত্রী বিভিন্ন এলাকায় ঘাট পরিদর্শন ও প্রস্তুতির কথা জানান। মেটিয়াবুরুজ ও হাওড়ার পর আগামীকাল তাঁর ভাটপাড়ায় যাওয়ার কর্মসূচী রয়েছে। সেখানে কয়েকজন পূন্যার্থীর হাতে তিনি ছট পুজোর সামগ্রী তুলে দেবেন।

এছাড়াও রবিবার ১৫-ই নভেম্বর ছটের সন্ধ্যায় তিনি গঙ্গাবক্ষে নৌকোয় থাকবেন বলেও শ্রী অধিকারী জানিয়েছেন।

এদিকে উত্তর দিনাজপুরের ইসলামপুরে আজ ছটের প্রস্তুতি খতিয়ে দেখেন উত্তরবঙ্গের আই জি সুকেশ কুমার জৈইন। ছট ঘাট পরিদর্শনের পাশাপাশি, সেখানে নিরাপত্তা, ট্র্যাফিক নিয়ন্ত্রণও সরেজমিনে খতিয়ে দেখেন তিনি। এছাড়াও পুলশ ও প্রশাসনিক আধিকারিকদের একাধিক গুরুত্বপূর্ণ নির্দেশ দেন। এর মধ্যে রয়েছে পর্যাপ্ত আলোর ব্যবস্হা, যান চলাচল নিয়ন্ত্রণ ও বিশেষ পুলিশী নজরদারি।

কোচবিহারের তোর্সা নদী সংলগ্ন এলাকাও পরিদর্শন করেন, জেলাশাসক জিতিন যাদব ও জেলা পুলিশ সুপার মণীশ যোশী প্রমুখ। জেশাসক জানান, নদীতে জলস্তর কম থাকায় ড্রেজিং করে উপযুক্ত খাদ তৈরির কাজ চলেছে।

উল্লেখ্য, চারদিনের ছট উৎসবের সূচনা হচ্ছে আগামীকাল। রবিবার অস্তগামী সূর্য এবং সোমবার ভোরে উদীয়মান সূর্যের প্রতি অর্ঘ্য নিবেদন করে পরিসমাপ্তি ঘটবে এই উৎসবে।

oooooooooooooooooooo

উত্তর কলকাতায় টালা রেল ব্রিজের নীচে ভূগর্ভস্থ ৭২ ইঞ্চি জলের পাইপ লাইনে ফাটল মেরামতির কাজ চলেছে যুদ্ধকালীন তৎপরতায় । তবে, আজ সকাল থেকে একটি বিকল্প পাইপ লাইন দিয়ে উত্তর ও মধ্য কলকাতার বেশকিছু অংশে জল সরবরাহ শুরু হয়েছে বলে পুরসভা সূত্রে জানা গেছে। সে কারণেই আজ সংশ্লিষ্ট এলাকায় তুলনামূলক কম সংখ্যক জলের ট্যাঙ্ক পাঠানো হয়েছে।

উল্লেখ্য পাইপ লাইনে ফাটলের কারণে উত্তর ও মধ্য কলকাতার বিস্তীর্ণ অংশ, পার্ক সার্কাস ও কসবায় জল সরবরাহ ব্যাহত হচ্ছে। ঘটনাস্হল ইতিমধ্যেই পরিদর্শন করেছেন, বিধায়ক রীতেশ তেওয়ারী ও সজল ঘোষ।

oooooooooooooooooooo

আজ গণ সম্প্রচার দিবস। ১৯৪৭ সালের আজকের দিনে জাতির জনক মহাত্মা গান্ধী, নতুন দিল্লির আকাশবাণীর স্টুডিওতে প্রথমবার সরাসরি বেতার ভাষণ দিয়েছিলেন।

২০০০ সালে তৎকালীন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী সুষমা স্বরাজ, প্রতি বছর ১২'ই নভেম্বর দিনটিকে গণ সম্প্রচার দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করেন। ২০০১ সাল থেকে দিনটি আনুষ্ঠানিকভাবে পালিত হয়ে আসছে। জন কল্যাণ, শিক্ষা ও নির্ভরযোগ্য তথ্য মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গণ মাধ্যমের সামাজিক দায়বদ্ধতা স্মরণ করাই দিনটি পালনের মূল উদ্দেশ্য।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo